



## জুলাই সনদের প্রতিটি শব্দ বাস্তবায়নে সরকার অঙ্গীকারবদ্ধ: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

জুলাই জাতীয় সনদের প্রতিটি অঙ্গীকার পূরণে সরকার দৃঢ়প্রতিজ্ঞ বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী ও সালাহউদ্দিন আহমদ। মঙ্গলবার সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতি মিলনায়তনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের আলোচনা ও ইফতার অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। তিনি জানান, জুলাই সনদের পাশাপাশি বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ঘোষিত নির্বাচনী ইশতেহারের প্রতিশ্রুতিগুলোও জনগণের ম্যাডেট অনুযায়ী বাস্তবায়ন করা হবে। উপ-রাষ্ট্রপতি পদ চালুর অঙ্গীকারও কার্যকর করা হবে বলে উল্লেখ করেন তিনি।

সংবিধান সংস্কার ও গণভোট অধ্যাদেশ নিয়ে বাংলাদেশ সুপ্রিম কোর্ট—এ চলমান বিষয় প্রসঙ্গে মন্ত্রী বলেন, সরকার আইনের পথেই এগোচ্ছে। জুলাই সনদ একটি রাজনৈতিক সমঝোতার দলিল এবং এতে স্বাক্ষরকারীরা এর প্রতি দায়বদ্ধ। সমালোচনার জবাবে তিনি বলেন, সংবিধান মেনেই সব প্রক্রিয়া চলবে। গণভোটের সিদ্ধান্ত কার্যকর করতে হলে তা সংসদে উত্থাপন ও আইন আকারে পাস করতে হবে। আসন্ন অধিবেশন প্রসঙ্গে তিনি জানান, ১২ মার্চ জাতীয় সংসদে ১৩৩টি অধ্যাদেশ উপস্থাপন করা হবে। কোনটি গৃহীত বা সংশোধিত হবে, তা সংসদই নির্ধারণ করবে। গণতান্ত্রিক বিতর্কের চূড়ান্ত মঞ্চ সংসদ বলেও মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অ্যাডভোকেট জয়নুল আবেদীন এমপি। আরও বক্তব্য দেন ব্যারিস্টার কায়সার কামাল ও ব্যারিস্টার বদরুদ্দোজা বাদল। বিভিন্ন পর্যায়ের আইনজীবী নেতারা উপস্থিত ছিলেন।